



## আসুসের নাইন সিরিজের মাদারবোর্ড বাজারে

অঞ্জন চন্দ্র দেব

বর্তমান সময়ে কমপিউটার গেমিং একটি জনপ্রিয় নাম। বিশ্বের লাখ লাখ মানুষ গেমিংয়ের দিকে ছুটছে। এর সাথে তাল মিলিয়ে চলছে বাংলাদেশ। দেশে কমপিউটার গেমিং অনেক জনপ্রিয় হয়ে উঠছে। ছোট

থেকে শুরু করে মধ্য বয়স্ক সব মানুষের কাছেই এখন প্রিয় কমপিউটার গেম। কমপিউটার গেম খেলার জন্য প্রয়োজন ভালো মানের পিসি, যাতে থাকবে একটি ভালো মানের মাদারবোর্ড। বিশ্বের বিখ্যাত প্রযুক্তি কোম্পানিগুলো নতুন নতুন গেমিং মাদারবোর্ড তৈরি করছে। গেমিং মাদারবোর্ডের মাধ্যমে গেম খেলতে অনেক সুবিধা হয় গেমারদের। তাই গেমারদের জন্য আসুস নিয়ে এলো গেমিং মাদারবোর্ড। বাংলাদেশের আইটি মার্কেটে আসুস ব্র্যান্ডের নতুন ৯ সিরিজ মাদারবোর্ড নিয়ে আসে গ্লোবাল ব্যান্ড লিমিটেড।

গ্লোবাল ব্র্যান্ডের প্রধান কার্যালয়ে এ সিরিজটির মোড়ক উন্মোচন করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক রফিকুল আনোয়ার। উপস্থিত ছিলেন আসুস বাংলাদেশের ন্যাশনাল সেলস ম্যানেজার জিয়াউর রহমান, আসুস মাদারবোর্ড পণ্য ব্যবস্থাপক মাহবুবুল গনিসহ অতিথিরা। গ্লোবাল ব্র্যান্ড

আসুসের ৯ সিরিজের তিনটি মাদারবোর্ড দেশের বাজারে আনে। ৯ সিরিজে ম্যাক্সিমাস ৭ হিরো, জেড৯৭-কে এবং এইচ৯৭এম-ই মডেল তিনটির বিস্তারিত উপস্থাপন করেন জিয়াউর রহমান। তিনি জানান, অতি সম্প্রতি আসুসের সবশেষ সিরিজটির আনুষ্ঠানিক প্রকাশের মাত্র কয়েকদিন পরই বাংলাদেশের বাজারে পণ্যটি এনেছে আসুসের বাংলাদেশ পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড। তিনি আরো জানান, আগের সব সিরিজের তুলনায় ৯ সিরিজের সফটওয়্যার ও হার্ডওয়্যার ফিচারে অনেক নতুনত্ব এসেছে। অত্যাধুনিক আর অধিক ক্ষমতাসম্পন্ন ৯ সিরিজটি মূলত হার্ডকোর গেমার ও গ্রাফিক্স



পেশাদারদের জন্য যেমন আদর্শ, পাশাপাশি সাধারণ ব্যবহারকারীদের দৈনন্দিন কার্যক্রমকেও সহজ উপভোগ্য করবে। এর আরওজি মডেলের বিশেষ বৈশিষ্ট্য গেমার নিজ চাহিদা অনুযায়ী কিবোর্ডে হট-কি সেট করার সুবিধা পাচ্ছে। আগের সব সিরিজের তুলনায় অধিক গতিতে প্রতি সেকেন্ডে ১০ জিবি ডাটা ট্রান্সফারে সক্ষম সিরিজ ৯। বিদ্যুৎ সাশ্রয়ে ব্যবহারকারীর কাজকে নিরবিচ্ছিন্ন ও ঝুঁকিমুক্ত করবে। কারিগরি বৈশিষ্ট্য সম্পর্কে বলা হয়, ইন্টেল ৯ সিরিজ



আসুসের ৯ সিরিজ মাদারবোর্ডের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অন্যদের মাঝে রফিকুল আনোয়ার

চিপসেটের জেড৯৭, এইচ৯৭ মডেল এলজিএ ১১৫০ সকেটের ইন্টেল চতুর্থ, পঞ্চম প্রজন্মের কোর প্রসেসরসমূহ, যেমন- হ্যাসওয়েল, হ্যাসওয়েল রিফ্রেশ, হ্যাসওয়েল রিফ্রেশ কে-সিরিজ/ডেভিল'স ক্যানিয়ন সমর্থিত। ৯ সিরিজের রিপাবলিক অব গেমার (আরওজি), দ্য আলটিমেট ফোর্স (টিইউএফ) এবং ডব্লিউএস (ওয়ার্কস্টেশন) ফিচারের মাদারবোর্ডগুলোতে রয়েছে অনন্য প্রযুক্তি যা জেড৯৭ এবং এইচ৯৭ চিপসেটের কর্মক্ষমতা বাড়িয়ে ব্যবহারকারীর অভিজ্ঞতা, কর্মদক্ষতা, স্থায়িত্ব এবং আপগ্রেড নির্বাচনের সুবিধা দেয়। ক্রিস্টাল সাউন্ড-২ এবং টার্বো ল্যান ফিচার যা

উচ্চগতির ডাটা দেয়া-নেয়া বজায় রেখে অনলাইন গেমিং স্বাচ্ছন্দ্য এবং উপভোগ্য করে।

### ম্যাক্সিমাস ৭ হিরো

ইন্টেল ৯ সিরিজের ম্যাক্সিমাস ৭ হিরো মাদারবোর্ডটিতে রয়েছে অসাধারণ কার্যক্ষমতা, গেমিং খেলার অসাধারণ সব ফিচার। চিপসেটের জেড৯৭ মডেল এলজিএ ১১৫০ সকেটের ইন্টেল চতুর্থ, পঞ্চম প্রজন্মের কোর প্রসেসরসমূহ। মাদারবোর্ডটিতে ডিডিআরথ্রি ৩২০০এমএইচজেড র্যাম সাপোর্ট করে। এতে রয়েছে ৬টি পিসিআই স্লট, এএমডি ক্রসফায়ারএক্স কনফিগারেশনের মাল্টি-জিপিইউ ডেডিকেটেড গ্রাফিক্স কার্ড, অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ৮টি সাটা পোর্ট। ৬টি ইউএসবি ৩.০ পোর্ট ও ৭টি ইউএসবি ২.০ পোর্ট। ভালো সাউন্ডের জন্য ৮ চ্যানেল হাই ডেফিনিশনের অডিও কোডেক, সনিক সাউন্ডসিস্টেম, সনিক স্টুডিও, সনিক রিডার ২, ডিটিএস সংযোগ এই সুবিধাগুলো রয়েছে। ফর্ম ফ্যাক্টর এটিএক্স।

### জেড৯৭-কে

ইন্টেল ৯ সিরিজের চিপসেটের জেড৯৭-কে মডেল এলজিএ ১১৫০ সকেটের ইন্টেল চতুর্থ, পঞ্চম প্রজন্মের কোর প্রসেসরসমূহ। মাদারবোর্ডটিতে ৪ ডিআইএমএম ও ডিডিআরথ্রি ৩২০০এমএইচজেড র্যাম সাপোর্ট করে। মাদারবোর্ডটির অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ৬টি সাটা পোর্ট। ৬টি ইউএসবি ৩.০ পোর্ট রয়েছে। আউটপুট সাপোর্ট করে এইচডিএমআই, ডিভিআই, ডি-এসইউবি। ভালো সাউন্ডের এর জন্য রয়েছে ক্রিস্টাল সাউন্ড-২। নেটওয়ার্কিং এর জন্য রয়েছে রিয়েলটেক ল্যান ও টার্বো ল্যান। ফর্ম ফ্যাক্টর এটিএক্স।

### এইচ৯৭এম-ই

ইন্টেল ৯ সিরিজের চিপসেটের এইচ৯৭এম-ই মডেল এলজিএ ১১৫০ সকেটের ইন্টেল চতুর্থ, পঞ্চম প্রজন্মের কোর প্রসেসরসমূহ। মাদারবোর্ডটিতে ৪ ডিআইএমএম ও ডিডিআরথ্রি ১৬০০এমএইচজেড র্যাম সাপোর্ট করে। মাদারবোর্ডটির অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ৪টি সাটা পোর্ট। ৬টি ইউএসবি ৩.০ পোর্ট রয়েছে। আউটপুট সাপোর্ট করে এইচডিএমআই, ডিভিআই, ডি-এসইউবি। ভালো সাউন্ডের জন্য রয়েছে ক্রিস্টাল সাউন্ড-২। নেটওয়ার্কিংয়ের জন্য রিয়েলটেক ল্যান কার্ড রয়েছে। ফর্ম ফ্যাক্টর এম-এটিএক্স।

গেমিংয়ের জন্য এর পার্টসগুলো সঠিকভাবে সিলেক্ট করতে হবে। গেমিংয়ের প্রাণ হলো প্রসেসর ও গ্রাফিক্সকার্ড। আরো প্রয়োজন মাদারবোর্ড, র্যাম, মনিটর, ক্যাসিং, পাওয়ারসাপ্লাই, মাউস ও কিবোর্ড। এগুলো সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে। গেমিং মাদারবোর্ড কেনার ক্ষেত্রে কিছু বিষয়ের ওপর বিশেষভাবে লক্ষ রাখতে হবে।